

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
www.sesip.gov.bd

স্মারক নং- মাউশি/সেসিপ/১-৪৭/কর্মচারী-নিয়োগ/২০১৪(অংশ)/ ১১১৩

তারিখ : ০২ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ আগস্ট ১৯৯৭ তারিখের সম/সওব্য/টিম-৪(২)-উঃপ্রঃনিঃ/৪৭/৯৭/১৮৮ সংখ্যক প্রজ্ঞাপন এবং অর্থ বিভাগের ০২ ডিসেম্বর ২০০৯ তারিখের নং-এস.আর.ও ২৫৫ আইন/২০০৯/অম/অবি(বাস্ত-১) জাতীয় বেতন স্কেল-১/২০০৯/২৩২ নং আদেশ ও সিলেকশন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীর পাশে বর্ণিত পদে ও বেতনক্রমের বিপরীতে সাকুল্য বেতনে প্রোগ্রাম মেয়াদকালের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নায়ী “সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)”-এর আওতায় নিম্নবর্ণিত দপ্তরে বর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো:

ক্রমিক নং	নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও রোল নং	নিয়োগকৃত পদের নাম, বেতন স্কেল ও এর বিপরীতে সাকুল্য বেতন	নিয়োগকৃত কর্মস্থল
১	Name: MD. HAFIZUR RAHMAN Father's Name: MD. ABDUS SATTAR BAIDYA Mother's Name: MOST. ANOWARA KHATUN Village: VILL- GOYRA Post: CHANDANPUR Police Station: Kalaroa District: Satkhira Roll No. 203000005	হিসাবরক্ষক ৬,৪০০-১৪,২৫৫/- সাকুল্যে-১১,০৯০/-	সেক্টর প্রোগ্রাম সাপোর্ট ইউনিট সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম শিক্ষা ভবন (২য় ব্লক, ৬ষ্ঠ তলা) ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

০২। নিয়োগের শর্তাবলী :

- প্রোগ্রামে নিয়োজিত কর্মচারী সার্বক্ষণিকভাবে প্রোগ্রামের কাজে নিয়োজিত থাকবেন এবং এ নিয়োগপত্রই প্রোগ্রামের মেয়াদ শেষে অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে। এর জন্য প্রোগ্রাম মেয়াদান্তে আলাদা কোন ছাড়পত্র ইস্যু করা হবে না;
- চাকুরীকালীন সময়ে চাকুরী সংক্রান্ত বিদ্যমান প্রবিধানিক ব্যবস্থা অনুযায়ী আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;
- প্রোগ্রাম পরিচালক যে কোন সময় জনস্বার্থে একই প্রোগ্রামের আওতায় অন্য স্থানে বদলী করতে পারবেন;
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যথাযথ কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশে অথবা ০১ (এক) মাসের বেতন প্রদান সাপেক্ষে এ নিয়োগ বাতিল করতে পারবেন;
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রার্থী পক্ষ ০১ (এক) মাসের নোটিশে অথবা ০১ (এক) মাসের বেতন প্রদান সাপেক্ষে পদত্যাগ করতে পারবেন। তবে পদত্যাগের পূর্বে সরকারী যাবতীয় পাওনা পরিশোধ করতে হবে;
- নিয়োগপত্রে উল্লেখ করা হয়নি এমন বিষয় প্রোগ্রামে নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতায় থাকবে;
- যোগদানপত্রের সাথে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র পেশ করতে হবে;
- চাকুরীতে যোগদানের ০৬ (ছয়) মাসের মধ্যে পুলিশী প্রত্যয়নপত্র সংগ্রহ করা হবে। পুলিশী প্রত্যয়ন সন্তোষজনক বিবেচিত না হলে/কোন বিরূপ মন্তব্য থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরী হতে সরাসরি অব্যাহতি দেয়া হবে;
- জাতীয় বেতন স্কেল, ২০০৯ ও পরবর্তীতে জারিকৃত পরিপত্র অনুযায়ী বিধি মোতাবেক প্রযোজ্য হারে অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; এবং

- এঃ চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
- ০৩। উল্লিখিত শর্তাদির আলোকে চাকুরীতে যোগদানে সম্মত থাকলে এতদসঙ্গে সংযুক্ত অঙ্গীকারনামায় (৩০০/- টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প সম্পাদিতব্য) স্বাক্ষরসহ আগামী ২৫/১১/২০১৫ তারিখে প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক, ৬ষ্ঠ তলা, কক্ষ নং ৬০১), ঢাকা বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখে যোগদান না করলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো।

প্রফেসর ফাহিমা খাতুন
প্রোগ্রাম পরিচালক, সেসিপ

ও
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং- মাউশি/সেসিপ/১-৪৭/কর্মচারী-নিয়োগ/২০১৪(অংশ)/১১১৬ (৬) তারিখ : ০২ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. উপপরিচালক (প্রশাসন/প্রোগ্রাম/উপবৃত্তি), সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
৩. সিভিল সার্জন জেলা
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৫. পুলিশ সুপার, জেলা
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৭. জনাবথাম:ডাকঘর:
উপজেলা: জেলা:।
৮. সংরক্ষণ নথি।

রতন কুমার রায় (অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক

ফোন: ৯৫৫৩৭১২
e-mail: rkumarroy@gmail.com

অঙ্গীকারনামা

(৩০০/- টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে সম্পাদিতব্য)

এই মর্মে প্রত্যয়ন করছি যে, আমি.....

পিতা/স্বামী..... মাতার নাম

গ্রাম/মহল্লা.....ডাকঘর.....উপজেলা.....জেলা.....।

আমার উপরোক্ত ঠিকানা যথাযথ সত্য এবং আমার কোন ঠিকানা গোপন করি নাই এবং মিথ্যা কোন ঠিকানা/তথ্য বা সনদপত্র চাকুরীর ক্ষেত্রে ব্যবহার করি নাই। স্মারক নং: মাউশি/সেসিপ/১-৪৭/কর্মচারী-নিয়োগ/২০১৪(অংশ)/১১১৩ তারিখ:১৬/১১/২০১৫ নিয়োগাদেশ মোতাবেক “সেকেডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম” শীর্ষক প্রোগ্রামের আওতায় বর্ণিত নিয়োগাদেশের শর্তাবলী যথাযথভাবে পালনের অঙ্গীকার করছি।
তদনুযায়ী অদ্য ২৫/১১/২০১৫ খ্রিঃ তারিখে হিসাবরক্ষক পদে যোগদান করলাম।

প্রার্থীর স্বাক্ষর